

Sentence

A group of word which makes a complete sense is called a sentence. – *wren & Martin*
পরিপূর্ণ অর্থ প্রকাশ করে এমন শব্দ সমষ্টিকে Sentence বা বাক্য বলে।”

নিচের ছকটি লক্ষ্য কর :

A	B
1. Mr. Rahaman English us teaches	1. Mr. Rahaman teaches us English
2. Cricket team we our of are proud	2. We are proud of our cricket team.
3. Read what do class in you?	3. What class do you read in?
4. Me help please	4. Please help me.
5. It is a what nice flower	5. What a nice flower it is !

উপরের A বিভাগে পাঁচটি শব্দগুচ্ছ আছে। শব্দগুচ্ছ পাশাপাশি বসানো হলেও সমষ্টিগতভাবে কোন অর্থ প্রকাশ করছে না। অন্যদিকে B বিভাগের প্রত্যেকটি শব্দগুচ্ছ সঠিকভাবে সাজানো হয়েছে এবং প্রত্যেকটিই এক একটু সম্পূর্ণ ও সুস্পষ্ট অর্থ প্রকাশ করছে।

পাশাপাশি সাজানো সত্ত্বেও যেহেতু A বিভাগের শব্দগুচ্ছ কোন অর্থ প্রকাশ করতে পারেনা, তাই এগুলো Sentence হয় না।

কিন্তু B বিভাগের শব্দগুচ্ছ গুলো প্রত্যেকটি ইংরেজি Grammar এর নিয়ম অনুযায়ী সুবিন্যস্ত এবং প্রত্যেকটি শব্দগুচ্ছই সম্পূর্ণ অর্থ প্রকাশ করছে। তাই এগুলো Sentence

এবার নিচের ছকটি লক্ষ্য কর :

A	B
1. The cow is	1. The cow is grazing in the field.
2. The cow is flying in the sky	2. The bird is flying in the sky.
3. The is cow in the field grazing	3. The cow is grazing in the field.

উপরের A বিভাগের ১ম Sentence টি দ্বারা আমাদের আকাঙ্ক্ষা নিবৃত্তি হচ্ছেনা। তাই এটি Sentence নয়। যেহেতু B বিভাগের ১ম Sentence দ্বারা আকাঙ্ক্ষা নিবৃত্তি করা হয়েছে বলে এটি Sentence হবে।

এমনকি A গ্রুপের ২য় Sentence সমূহ সঠিকভাবে বসানো সত্ত্বেও, যেহেতু গরুর আকাশে উড়ার ক্ষমতা নেই, তাই এটিও Sentence হতে পারে না। কিন্তু B গ্রুপে পাখির আকাশে উড়ার যোগ্যতা / ক্ষমতা থাকায় ২য়টি Sentence হয়েছে।

এবার আবার আমরা ১ম ছকের A বিভাগের সবকয়টি ও ২য় ছকের A বিভাগের ৩য় Sentence গুলি লক্ষ্য করলে দেখতে পাই, এদের আসক্তি বা পদসংস্থান রীতি ঠিক নেই এবং তার ফলে এর কোন অর্থবোধগম্য হয় না। তাই এরা Sentence এর আওতায় পড়েনা। কিন্তু ১ম ছকের B বিভাগের Sentence গুলি এবং ২য় ছকের B বিভাগের শব্দগুচ্ছের সঠিক পদসংস্থান হয়েছে বলে এর অর্থবোধগম্য হয়েছে। তাই এরা Sentence।

তাই আমরা P.C. Das এর সংজ্ঞানুযায়ী বলতে পারি, “A sentence must have a proper order of words and clear meaning.”

অর্থাৎ একটি Sentence কে অবশ্যই সঠিক পদসংস্থান ও পরিষ্কার ও বোধগম্য অর্থ থাকতে হবে।

Subject and Predicate

Grammar এর নিয়ম অনুসারে Word পাশাপাশি বসে Sentence গঠন করে। বেশিরভাগ Sentence এ যা আমরা বলি বা লিখি এর দু'টি অংশ থাকে।

1. Subject
2. Predicate

Subject: Sentence এর যে অংশে কোন ব্যক্তি বা বস্তু কথ্য উল্লেখ থাকে, সে অংশকে Subject বলে। অন্যভাবে বলা যায়, যে ব্যক্তি বা বস্তু সম্পর্কে আমরা বলি বা লিখি তাকে বলে Subject।

Predicate: Sentence এর যে অংশে Subject সম্পর্কে কিছু বলা হয় তাকে Predicate বলে। অর্থাৎ Subject সম্পর্কে আমরা যা বলি বা লিখি, তাই হলো Predicate।

বাক্যে সাধারণত : Subject প্রথমে এবং তার পরে Predicate বসে।

Subject	predicate
A boy	lived in a village.
His parents	sent him to school.
Rahim	liked his lessons.
He	never stood second in the class.

Note: উপরের উদাহরণ লক্ষ্য কর boy, parents, Rahim, he হলো মূল Subject। এগুলোকে বলে Proper Subject। অন্যদিকে A, His Subject এর বাড়তি অংশ। এগুলোকে বলে Adjuncts to Subject।

সাধারণত Subject আগে এবং Predicate পরে বসলেও কখনো কখনো বাক্যের কোন বিশেষ অংশকে জোড় দেয়ার জন্য Subject এর আগে সমগ্র Predicate বা, Predicate এর কিছু অংশ বসে। যেমন:

<u>Silver and gold have</u>	<u>I</u>	<u>none</u>
Predicate	Sub	Predicate

আগে অনুরোধমূলক বাক্যে (Imperative Sentence এ) প্রায় সর্বদাই Subject উহ্য থাকে। যেমন:

Go home. (Subject, “You” উহ্য আছে)

Do it (Subject, “You” উহ্য আছে)

কখনো কখনো বিবৃতিমূলক বাক্যেও Assartive (Assartive Sentence এ) Subject উহ্য থাকে।

Thanj You. (Subject ‘I’ উহ্য আছে)

Hope, You are well. (Subject ‘I’ উহ্য আছে)

Integrative Sentence বা প্রশ্নোবোধক বাক্যে Predicate এর একটি অংশ (Verb বা Verb এর একটি অংশ) Subject এর আগে বসে। যেমন:

Are they playing cricket?

Do you remember that?

Opatative Sentence বা ইচ্ছামূলক বাক্যে Subject এর আগে Predicate এর একটি অংশ “may” Verb বসে।

May you live long.

*Sentence এর Verb কে “কে” বা “কারা” দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় উহাই Subject.

Sentence এর Predicate কে আবার কয়েকটি অংশে ভাগ করা যায়ঃ

1. Verb
2. Object
3. Complement
4. Extension

<u>We</u>	<u>made</u>	<u>him</u>	<u>chairman</u>	<u>in our union</u>
Sub	Verb	Object	object (Complement)	Extension
	↑	-----		↑
	Predicate			

Verb: Sentence এ যে Word দ্বারা কোন কাজ করা বা হওয়া বুঝায় তাকে Verb বলে। যেমন:

He Works

They Play

এ বাক্যগুলোতে Work, Play হলো Verb

Object: Sentence এ Subject যে কাজটি করে তাকে Object বলে। Sentence এর Verb কে “কি” বা “কাকে” দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই Object। যেমনঃ

Rahim Plays football

Rina draws a picture.

We gace him.

এ Sentence গুলোতে football, picture, him হলো Object

Complement: যখন কোন Word (Noun বা adjective হতে পারে) Linking Verb এর পরে বসে Subject এরই কোন পরিচয় প্রকাশ করে বা Object এর পাশে বসে Object এরই পরিচয় প্রকাশ করে, সেই Word গুলোকে Complement বলে। যেমনঃ

He is a boy.

Rina is happy.

এখানে, boy ও happy হচ্ছে Complement.

Linking Verb: যে Verb দ্বারা কোন কাজ বুঝায় না বরং Subject ও Object এর মধ্যে পরিচয় সূত্র প্রকাশ করে তাকে Linking Verb বলে। সবচেয়ে বেশি ব্যবহৃত Linking Verb গুলো হচ্ছে be (am, is, are, was, were) এছাড়া seem, feel, become, get ইত্যাদি Linking Verb হিসেবে ব্যবহৃত হয়।



Extension: যে সকল Word বা word গুচ্ছ দ্বারা Sentence এ অতিরিক্ত তথ্য প্রদান করা হয় সেগুলোকে Extension বলে।

Object কে আবার দুই ভাগে ভাগ করা যায়। যেমনঃ

1. Direct Object : যদি Object দ্বারা কোন বস্তুকে বুঝায় সেটা হচ্ছে Direct Object, যাকে বস্তুবাচক Object ও বলা হয়।
2. Indirect Object : যখন Object টি কোন ব্যক্তিকে নির্দেশ করে তাকে Indirect Object বলে। একে ব্যক্তিবাচক Object ও বলা হয়। যেমনঃ We gave him(Indirect) a pen(Direct)
অবশ্যই মনে রাখতে হবে Indirect Object, Direct Object এর পূর্বে বসে।

Note: Verb কে "কাকে" দিয়ে প্রশ্ন করে পাওয়া যাবে Direct Object, অন্যদিকে Verb কে "কে" দ্বারা প্রশ্ন করলে পাওয়া যাবে Indirect Object.

ছকের মাধ্যমে **Subject ও Predicate** এর অংশ সমূহ দেখানো হল :



Assertive Sentence: যে সকল বাক্য দ্বারা কোন প্রকার বর্ণনা বা বিবৃতি বুঝায় তাকে Assertive Sentence বলে। যেমনঃ I go to school everyday.

Mother reads the Quran

The newspaper is the store house of knowledge.

ইংরেজিতে শতকরা আশিভাগ বাক্যই বর্ণনামূলক বা Assertive Sentence এ হয়ে থাকে। নিম্নে Assertive Sentence সাজানোর নিয়ম দেয়া হল :

Subject	+	Verb	+	Object / Complement	+	Extension
I		am		a student		---
We		learn		english		at home
We		eat		rice		at day time
He		plays		football		in the aftnoon
Rina		dance		---		at night

লক্ষ্য কর, বাক্য গঠনে ইংরেজি, বাংলার মত সাজানো হয়না। বাংলা বাক্যে সাধারণত প্রথমে কর্তা বা ক্রিয়াপদ বসে শেষে এবং কখনো ক্রিয়াপদ উহ্য থাকে। কিন্তু ইংরেজি বাক্যে প্রথমে Subject বা কর্তা এবং তারপর Verb এবং সর্বশেষে Object বসে।

বাংলায় আমি ভাত খাই; ইংরেজিতে I eat rice.

বাংলায় : কর্তা > কর্ম > ক্রিয়া > S-O-V

ইংরেজিতে : কর্তা > ক্রিয়া > কর্ম > S-V-O

P.C. Das এর বই থেকে একটি সুন্দর ব্যাখ্যা দেখা যাক :

এ যেন বাঙ্গালি পরিবার ও ইংরেজ পরিবারের আহারের রীতি অনুযায়ী বাক্য গঠনের পদ্ধতি। বাক্যের কর্তা যেন বাড়ির কর্তা, বাক্যের ক্রিয়া যেন বাড়ির গিন্নি, ছেলেমেয়ের যেন Object বা কর্ম। বাঙ্গালী পরিবারে প্রায়ই গিন্নি খেতে বসে সবার শেষে। কিন্তু ইংরেজী পরিবারে কর্তা ঠিক পাশেই বসেন গিন্নি তার পাশে কর্মস্থানীয় ছেলেমেয়েরা। এজন্য বাংলায় আমরা ভাত খাই কিন্তু ইংরেজীতে খাই ভাত।

এরপর Simple Sentence বা সরলবাক্যে সদস্য সংখ্যা বাড়াতে গেলে Preposition যোগ করে দিতে হয়। অর্থাৎ Extension অংশ অবশ্যই Preposition দিয়ে শুরু হবে।

আরো লক্ষ্য কর, কর্তা যদি He, Rina, She ইত্যাদি হয় অর্থাৎ কর্তা যদি Third Person Singuler number হয় সেক্ষেত্রে Verb এর শেষে s/es/ies বসবে। (এ সম্পর্কে Tense এর অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হবে)

যেমন : আগের উদাহরণ গুলো লক্ষ্য করলে দেখা যায় ক্রিয়া সকর্মক হলে (Transitive) হলে কর্ম বা Object নেয়। কিন্তু ক্রিয়া অকর্মক হলে (Intransitive) হলে Object বসেনা। কিংবা Preposition যোগ করে বাক্য বাড়ানো যায়। যেমন :

করিম স্কুলে যায় - Karim goes to school.

শিকারী বনে বাঘ মেরেছিল - The hunter killed a tiger in the jungle.

*Assertive Sentence এর শেষে অবশ্যই full stop (.) বসবে।

Imperative Sentence: যে সব Sentence দ্বারা আদেশ, নির্দেশ, নিষেধ, উপদেশ, অনুরোধ এবং প্রস্তাব করা বুঝায় সে সকল Sentence কে Imperative Sentence বলে। যেমন :

1. Go to school
2. Always speak the truth
3. Please, give me a glass of water
4. Do not run in the sun

Imperative Sentence এর Subject এর 'You' প্রায় উহ্য থাকে। বাকি অংশ Assertive Sentence এর মত। এ ধরনের Sentence সাজাবার নিয়ম :

Pattern A			Pattern B	
Subject	Verb	Object	Verb	Where
---	Read	the book	Go	there
---	Write	a letter	Come	here
---	Shut	the computer	Walk	to the door
---	Give	me a glass of water	Run	across the field

* Note: Imperative Sentence এ কর্তা (Subject) উহ্য থাকে কেন?

Imperative Sentence এ কর্তা সর্বদাই তুই, তোমরা, তুমি, তোরা বা আপনি, আপনারা হয়। কিন্তু এই সবগুলো ইংরেজি You হওয়ার জন্য বাহুল্য বিবেচনায় Imperative Sentence এ You উহ্য থাকে।

* Request বা অনুরোধ বুঝালে Verb এর আগে Please বা Kindly যোগ হয়। যেমন :

দয়া করে বসুন - Please sit down

অনুগ্রহ করে আমাকে এক গ্লাস পানি দেন - Kindly, give me a glass of water.

Interrogative Sentence: যে সকল Sentence দ্বারা কোন কিছু জানতে চাওয়া হয় কিংবা প্রশ্ন করা হয় সে সকল Sentence কে Imperative Sentence বলে। যেমন :

1. What class do you read in ?
2. Whom do you want ?
3. Do you play piano ?

সাধারণত তিন ধরনের Interrogative Sentence রয়েছে। যথা :

1. Yes / Not Question
2. WH Question
3. Tag Question

Yes / Not Question: সাধারণত যে সকল Question এর উত্তর হ্যাঁ বা না থাকে তাই Yes / No Question. যেমন :

<u>Question</u>	<u>Answer</u>
Do you play football	Yes
Is he sleeping	No

Yes/Not Question দুইভাবে গঠিত হয়ে থাকে:

i. Auxiliary verb (am, is, are, was, were. Have, has, had, shall, should, will, would, can, could, may, might) Subject এর পূর্বে ব্যবহার করে।

ii. যে সকল Sentence এ উপরের Auxiliary verb গুলো পাওয়া যায়না সেক্ষেত্রে Do, Does, Did Subject এর পূর্বে বসিয়ে Interrogative Sentence করা হয়। এক্ষেত্রে tense ও Person অনুযায়ী Do Verb এর পরিবর্তন হয় কিন্তু মূল Verb এর কোন পরিবর্তন হয়না। যেমন :

- Do you play cricket ?
Does he do her home work ?
Did you write a letter ?

WH Question: যে সকল Interrogative Sentence এর উত্তরে একটি নির্দিষ্ট Word or Sentence এর মাধ্যমে উত্তর দিতে হয় তাকে WH Question বলে।

<u>Question</u>	<u>Answer</u>
Who are you ?	I am a student.
Whom do you want ?	I want him.
Why do you come here ?	I come here for playing.

Tag Question: যে সকল Sentence এর মাধ্যমে কারও সম্মতি আদায়ের চেষ্টা করা হয় তাই Tag Question. যেমন :

1. You play football, don't you?
2. Rahim is playing cricket, isn't he?
3. Do the work, won't you?

WH Question & Tag Question সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে।

Optative Sentence : মনের ইচ্ছা, আকাঙ্ক্ষা, আশীর্বাদ, কামনা, বাসনা, প্রার্থনা প্রকাশ করতে যে সকল Sentence ব্যবহার করা হয় সে সকল Sentence কে Optative Sentence বলে। যেমন :

1. May you be happy.
2. May God bless you.
3. Would that his father is alive now.

Optative Sentence গঠন করার নিয়ম :

May/Would that + Assertive Sentence = Optative Sentence

*Note: এ বাক্যে কখনো am, is, are, was, were, been বসে না। সকল ক্ষেত্রে be বসে, May দ্বারা প্রকাশের ক্ষেত্রে। আবার কোন কোন ক্ষেত্রে May উহ্য থাকতে পারে। যেমন :

Long live our president = May our president live long.

Exclamatory Sentence: মনের দুঃখ, বেদনা, জ্বালা, যন্ত্রনা, হতাশা, আনন্দ, উল্লাস, বিস্ময়, বিষাদ, ঘৃণা, আবেগ, অনুতাপ ইত্যাদি প্রকাশ করতে যে সকল Sentence ব্যবহার করা হয় সে সকল Sentence কে Exclamatory Sentence বলে। যেমন : Alas! I am undone.

Hurrah! We have won the match.

Exclamatory Sentence গঠন করার নিয়ম :

- i. Alas!, Hurrah!, Ah! প্রভৃতি শব্দ বসিয়ে

Alas! / Hurrah! / Ah! + Assertive = Exclamatory Sentence

Hush! The man is sleep (চুপ! লোকটি ঘুমিয়ে আছে)

Fie! You are a liar.

- ii. What, how ইত্যাদি শব্দযোগে: কি সুন্দর পাখি! - What a nice bird it is!

কি বিচিত্র এ দেশ! - What a wonderful land it is!

তুমি কত সুন্দর! - How beautiful you are!

Note: Interrogative Sentence এ What/How বসলে Verb টি Subject এর আগে বসে। কিন্তু Exclamatory Sentence এর ক্ষেত্রে Verb টি Subject এর পরে এবং Sentence এর শেষে বসে।

Negative forms: হ্যাঁ বোধক থেকে না বোধক Negative form তৈরির নিয়ম :

- i. যদি Auxiliary verb (অর্থাৎ am, is are, was, were, has, had, shall, should, will, would, can, could, may, might) থাকে তবে সেই Verb এর পরে Not বসিয়ে Negative করা হয় যেমন:

Affirmative	Negative
Kamal is a good boy.	Kamal is not a good boy.
She has a book.	She has not a book .
I will go to school.	I will not go to school.
We can do this work.	We can not do this work.

(!!) যদি উপরের Verb গুলি ছাড়া অন্য কোন Verb থাকে, তবে একটি Do Verb আনতে হয় এবং tense ও person অনুযায়ী এই Do Verb এর পরিবর্তন হয় । Main Verb এর কোন পরিবর্তন হয় না । আর Do Verb এবং Main Verb এর মাঝে not বসে । যেমন:

Affirmative	Negative
.Go there.	Do not go there.
Karim plays football.	Karim does not play football.
They play football.	They do not play football.

অবশ্যই মনে রাখা দরকার Interrogative Sentence এর Negative form এ Noun এর পূর্বে Not এবং Pro Noun এর পরে Not বসে ।

Kamal is not going to school - Is not Kamal going to school ?

She is not going to school – Is she not going to school ?

কিন্তু Do এবং not এর সঞ্জিগু রূপ Don't বা Doesn't হলে তা Noun এবং Pronoun উভয়ের পূর্বে বসে ।

You do not play football - Don't you play football ?

He does not play football- Doesn't he play nfootball ?

(৩) Noun এর পূর্বে No এবং Adjective এর পূর্বে Not বসিয়েও Negative sentence করা হয় যেমন:

No man can do this.

He has no enemy.

He is not faithful.

The girl is not beautiful.

* কখনও না অর্থে Never এবং কিছু না অর্থে Nothing ব্যবহার করেও Negative sentence করা যায় ।

যেমন :

সে কখনও বিদ্যালয়ে যায় না – He never goes to school.

তারা ঘরের মধ্যে কিছুই দেখতে পেল না – They saw nothing in the room.

সহজে অর্থ অনুযায়ী Sentence চিনিবার উপায় :

- Assertive Sentence এর শেষে full stop (.) বসবে এবং বর্ণনা বা বিবৃতি প্রকাশ করবে ।
- Interrogative Sentence এর শেষে প্রশ্নবোধক চিহ্ন বসবে ।
- Imperative Sentence Verb দিয়ে শুরু হবে কোন কোন ক্ষেত্রে Let দিয়ে শুরু হবে । Sentence এর শেষে Full Stop বসবে ।


- iv. Optative Sentence, May/ Would that দ্বারা শুরু হবে ।
 ১. Exclamatory Sentence এ বিস্ময়সূচক (!) বসবে ।

Simple, Compound & Complex Sentences


নিচের ডায়েগ্রামটি লক্ষ্য কর । শ্রেণী শিক্ষক ডায়েগ্রামটি বিস্তারিত ব্যাখ্যা করবেন ।

Basic Sentence = BS
Phrase = PH
Clause = CL


সংযোগ Tools Name



Example: I went to the new market and Bought some books
 এখানে লক্ষ্য করুন and এর দুইপাশে ২টি Basic sentence রয়েছে । অর্থাৎ এটি Compound sentence.
 উল্লেখ্য যে প্রতিটি Basic sentence এ অবশ্যই ১টি Finite verb থাকবে ।



Example:
 এখানে লক্ষ্য করুন ১টি মাত্র basic sentence রয়েছে । তবে শুরুতে Nonfinite verb যোগে গঠিত একটি Phrase রয়েছে অর্থাৎ এটি এখনও Simple sentence.



Example: When I went to the new market I bought some books
 এখানে লক্ষ্য করুন ১টি মাত্র basic sentence রয়েছে । তবে শুরুতে WH subject/ antecedent যোগে গঠিত একটি Clause রয়েছে অর্থাৎ এটি এখনও Complex sentence.

EXERCISE

1. Divide each of the following sentence into subject and predicate: (প্রত্যেকটি Sentence কে Subject & Predicate এ ভাগ কর)
 - i. Maly has a little land.
 - ii. He has a good memory.
 - iii. The book is on the table.
 - iv. The earth moves round the sun.
 - v. A barking day seldom botes.

2. নিচের গুল্যস্থান গুলোতে Subject বসাতো:
 - i. _____ is a good exercise.
 - ii. _____ rises in the east.
 - iii. _____ gives us milk.
 - iv. _____ can run fast.
 - v. _____ is the key to success.

3. Mention the kinds of the following Sentences. (নিচের বাক্যগুলোর প্রকারভেদ উল্লেখ কর)
 - a) People are smoking more now a days.
 - b) When will you come?
 - c) Go there and wait for a while.
 - d) What a beautiful girl she is!
 - e) The earth moves round the sun.
 - f) Take care of your health.
 - g) Have you ever been to Cox's Bazar?
 - h) Always speak the truth.
 - i) Does he speak truth?
 - j) Time and tide wait for none.
 - k) Do you like me?
 - l) How charming the scenery is!
 - m) Hurrah! We have won the game.

4. Change the following sentences into Negative form: (নিচের Sentence গুলোকে নাবোধক অর্থে রূপান্তর কর)
 - a) He goes to school regularly.
 - b) They are foolish people.
 - c) He was a friend of the poor.
 - d) We are learning English.
 - e) She has bought a nice pen.
 - f) The boy will be flying kites.

Parts of speech

The different kinds of words are called parts of speech. বিভিন্ন শ্রেণীর শব্দগুলিকে Parts of speech বলে। - *J. C. Nesfield*.

Words are divided into different kinds or classes, called parts of speech, according to their use; that is, according to the work they do in sentence. - *Wren & Martin*.

বাক্যে ব্যবহার অনুযায়ী বিভিন্ন শ্রেণীর শব্দগুলিকে Parts of speech বলে।

*Note: Nesfield এর সংস্কার চেয়ে Wren & Martin এর সংস্কারেই Parts of speech আরো স্পষ্ট হয়ে উঠেছে।

প্রকৃতপক্ষে Word গুলি Sentence বা Speech এর অংশ; সেজন্য এগুলিকে Parts of Speech বলে।

-*P.C. Das*

The parts of speech are eight in number.

Parts of speech আট প্রকার। যথা:

1. Noun
2. Pronoun
3. Adjective
4. Verb
5. Adverb
6. Preposition
7. Conjunction
8. Interjection

Noun:

A noun is a word used for naming some person or thing. -*J.C. Nesfield*

কিন্তু Noun শুধু ব্যক্তি বা বস্তু নাম নয়, স্থানের নামও হতে পারে। তাই Wren & Martin Noun এর সংস্কার দিলেন -

The word thing includes (i) all objects that we can see, hear, taste, touch or smell; and (ii) something that we can think of, but cannot perceive by senses.

কিন্তু এতেও জাতিবাচক বা সমষ্টিবাচক নামের বিষয়টি পরিস্কার হল না।

তাই বিষয়টিকে জটিল না করে আমরা Noun এর সংস্কার খুব সহজেই দিতে পারি এইভাবে -

A noun is a naming word. -*P.C. Das*

*Noun কথাটির অর্থ হল নাম। সেজন্য যে কোন নামবাচক পদকে Noun বলে।

Example:

Subhas is a brilliant boy. --- Proper Noun

The cow gives us milk. ---Common Noun

Salil is the best boy in the class. ---Collective Noun

Gold is a Valuable metal. ---Material noun.

Honesty is the best policy. ---Abstract Noun

* Note: সবক্ষেত্রেই Noun হচ্ছে নামবাচক শব্দ।

Pronoun:

A word used instead of noun is called Pronoun. ---J.C. Nesfield.

A pronoun is a word used instead of noun. --- Wren & Martin

Noun এর পরিবর্তে যে word ব্যবহৃত হয়, তাকে Pronoun বলে।

Pro = পরিবর্তে, Noun = বিশেষ্য ; তাই Noun এর পরিবর্তে যে word বসে তাকে Pronoun বলে।

একই Noun বারবার ব্যবহার করলে শ্রুতিকটু হয়। তাই একই Noun বারবার ব্যবহার না করে বাক্যকে শ্রুতিমধুর করার জন্য Noun এর পরিবর্তে Pronoun ব্যবহার করা হয়। এখন Pronoun এর ব্যবহার লক্ষ্য কর :

Noun এর ব্যবহার :

Ram is a boy.

Ram is going to school.

Ram is an intelligent boy.

Pronoun এর ব্যবহার :

Ram is a boy. (noun)

He is going to school. (Pronoun)

He is an intelligent boy. (Pronoun)

Pronoun সম্পর্কে নিচের বিষয়গুলি মনে রাখা দরকার :

বাংলায় যেমন সর্বনামের উত্তম পুরুষ, মধ্যম পুরুষ ও প্রথম পুরুষ হয়, তেমনি ইংরেজিতে Pronoun এর First, Second & Third Person হয়।

আমি, আমরা; আমাকে, আমাদিগকে; আমার, আমাদের বোঝাতে Pronoun এর First person হয়। যেমন :
I, We, me, us; my, mine our, ours.

তুমি, তোমরা; তোমকে, তাহাদিগকে; তাহার, তাহাদের বোঝাতে Pronoun এর Second Person হয়। যেমন :
You, Your, Yours.

সে, তাহার, তাকে, তাহাদিগকে; তাহার, তাহাদের; ইহা, ইহারা, ইহাকে, ইহাদিগকে, ইহার, ইহাদের বোঝাতে Pronoun এর Third Person হয়। যেমন :

Her, them, his, her, hers, their, theirs, it, its.

Adjective:

An adjective is a word used for qualifying for adding something to the meaning of a noun or pronoun. -J.C. Nesfield

An Adjective is a word used to add something to the meaning of a noun.

---Wren & Martin.

Adjective শুধু Noun এর নয়, Pronoun এরও হতে পারে। প্রকৃতপক্ষে Noun বা Pronoun কে Qualify করতে বা বিশেষিত করতে যে শব্দ যোগ করা হয়, তাকে Adjective বলে।

“The word adjective means adding” - J.C. Nesfield.

এখন Adjective এর ব্যবহার লক্ষ্য কর :

Amal is a good boy. Bimal is very clever. He is an Indian. Lazy student fail in the examination. Lila plucked a red rose. The mouse is a little animal. The elephant is a large animal. Our cow gives much milk. Give me two pens and three pencils.

উপরের উদাহরণ গুলোতে দেখ, good শব্দটি boy' noun কে, clever শব্দটি Bimal' noun কে Indian word টি he' Pronoun কে, large শব্দটি 'animal' noun কে, much শব্দটি milk' noun কে এবং two ও three শব্দ দুটি 'pen' 'pencil' এই noun কে বিশেষিত করছে। তাই এগুলি Adjective.

আগের উদাহরণ গুলো আরো লক্ষ কর, এই Adjective গুলি noun and adjective এর দোষ, গুণ, অবস্থা, আকৃতি, সংখ্যা পরিমাণ ইত্যাদি বুঝায়। সেজন্য বলা যায় -

An adjective qualifies a noun or a pronoun

When an adjective is placed before a noun it is used attributively. But when it qualifies a noun or a pronoun and is placed after a verb it is used predicatively.

Verb:

A verb is a word used for saying something about a person or a thing. -J.C. Nesfield

A verb is a word used to say something about some person, place or thing.

-Wren & Martin

যে word কোন ব্যক্তি, বস্তু, বা স্থান সম্বন্ধে কিছু বলার জন্য ব্যবহৃত হয় তাকে Verb বলে।

উপরের দুটি সংস্রাতেই Verb এর ধারণা অস্পষ্ট থেকে যায়। উদাহরণের সাহায্যে বিষয়টি দেখা যাক:

The fat girl wrote a letter to her brother.

The old man had a faithful dog.

Calcutta is a big city.

This pen is nice.

উপরের বাক্যগুলিতে girl, man, Calcutta, এবং pen এইসব ব্যক্তি, স্থান এবং বস্তু সম্বন্ধে অনেক কিছুই বলা হয়েছে। মেয়েটি মোটা, লোকটা বৃদ্ধ, কলকাতা একটা বড় শহর, কলমটি সুন্দর এসব কথাও বলা হয়েছে। অর্থাৎ fat, old, big, nice এই শব্দগুলি Verb নয়, Adjective.

সুতরাং উপরের সংস্রাগুলিতে Verb এর বৈশিষ্ট্য ধরা পড়েনি। তাই Verb এর বৈশিষ্ট্য স্পষ্ট করে প্রকাশ করতে হলে বলা উচিত।

A verb is a word that denotes 'being', 'having', or 'doing' or an action in any form.

যে Word দ্বারা হওয়া, থাকা বা কোন কিছু করা বোঝায় তাকে verb বলে।

প্রকৃতপক্ষে Verb বা ক্রিয়া চার রকমের:

1. 'Being' Verb: The man is honest.
2. "Having Verb": I have a sharp knife.
3. 'Doing Verb': The boy kicks the football.
4. An action in any form: The moon looks bright.

Adverb:

An adverb qualifies anything except a noun or a pronoun. -*J.C. Nesfield*

An adverb is a word used to add something to the meaning of a verb, an adjective or another adverb. -*Wren & Martin*

যে word verb, adjective বা অন্যকোন adverb সম্বন্ধে পরিষ্কার অর্থ পরিস্ফুটনের জন্য ব্যবহৃত হয়, তাকে Adverb বলে।

স্পষ্টতঃই Wren & Martin এর সংস্কার তুলনায় Nesfield এর সংস্কা অধিক যুক্তিযুক্ত। কারণ Adverb শুধু Verb, Adjective বা অন্য কোন Adverb নয়, Preposition এবং Conjunction কেও বিশেষিত করতে পারে।

Adverb এর উদাহরণ গুলো দেখলেই বিষয়টি স্পষ্ট হবে।

Lila goes slowly. (Adverb modifies a verb)

She is a very beautiful girl. (Adverb modifies an adjective)

She walks very slowly. (Adverb modifies another adverb)

The bird flew exactly over our head. (Adverb modifies a preposition)

I dislike her simple because she is very rude. (Adverb modifies a conjunction)

Adverb denote time, place, manner etc.:

An adverb may denote time, place, manner, number, degree, reason, purpose, condition, and contrast. [Adverb সময়, স্থান, ধরন, সংখ্যা, পরিমাণ, কারণ, উদ্দেশ্য, শর্ত এবং বৈপরীত্য প্রকাশ করতে পারে।]

Time: now, then, soon, early etc.

Place: here, there, far, near, etc.

Manner: slowly, quickly, surely, probably etc.

Number: once, twice, thrice, again, always etc.

Degree: very, much, partly, wholly etc.

Reason: as, so, because, etc.

Purpose: that, so that etc.

Contrast: though, although etc.

Preposition:

A preposition is a word placed before a noun or noun-equivalent to show in what relation the person or thing denoted thereby stands to something else. -*J. C. Nesfield*

A preposition is a word used with a noun or pronoun to show how the person or thing denoted by the noun or pronoun stands in relation to something else. - *Wren & Martin*
আরো একটু সহজে বলা যায় :

A preposition is a word that is placed before a noun or pronoun to show the relation of that noun or pronoun with any other word of the sentence. -*P. C. Das*

Preposition noun বা pronoun এর পূর্বে বসে ব্যবহৃত হয়ে সেই noun বা pronoun এর সঙ্গে বাক্যেও অন্য word এর সম্পর্ক বুঝিয়ে দেয়। Pre = পূর্বে, Position = অবস্থান, অর্থাৎ এই word এর অবস্থান noun বা pronoun এর পূর্বে।

Conjunction:

A conjunction is a word for joining one word to another word, or one sentence to another sentence. -*J. C. Nesfield*

A conjunction is a word used to join words or sentence. -*Wren & Martin*

Con = একত্রে এবং junction = সংযোগ । সুতরাং Conjunction এর অর্থ হল একত্র সংযোগ ।

এখন নিচের উদাহরণ গুলি লক্ষ্য কর :

Reba and Rakha are good girls.

Dipu is a boy but Mira is a girl.

Learn your lesson or leave the class.

Interjection:

An interjection is a word or sound thrown into a sentence to express some feeling of the mind. -*J. C. Nesfield*

An interjection is a word which expresses some sudden feeling. -*Wren & Martin*

নিচের Sentence গুলিতে এর ব্যবহার লক্ষ্য কর :

ওহে রমেশ! কেমন আছো? Hallo, Ramesh ! How are you?

হায়! ইন্দিরা গান্ধী আর জীবিত নেই । Alas ! Indra Gandhi is no more.

কি মজা, আজ আমাদের ছুটি । Hurrah ! Today is a holiday.

আহা! কী সুন্দর দৃশ্য । Oh! What a nice view.

ধিক ! তুমি মিথ্যাবাদী । Fie ! You are a liar.

সাবাস! তুমি খুব ভালো করেছ । Bravo! You have done well.

Interjection may express:

- Joy: Hurrah! How! [How nice to meet you!]
- Grief: Alas! [Alas! The man is dead.]
- Surprise: Ah! Ha! What! How! Etc
- Encouragement: Bravo!

Certain group of words are also used to express some sudden feeling or emotion.

Note: an interjection, grammatically speaking, is not a part of speech as it has no connection with any other word of the sentence. But in broader sense an interjection is a part of our speech. Hence, it is included as a part of speech in the grammar.

USEFUL WORDS OF DIFFERENT PARTS OF SPEECH

NOUN

These are very useful nouns. Remember them.

About Relations

Man - মানুষ

Father - বাবা

Boy - বালক

Woman – স্ত্রীলোক

Mother - মা

Girl - বালিকা

Brother – ভাই

Uncle – চাচা

Cousin – চাচাত ভাই

Son - পুত্র

Husband – স্বামী

Grandfather - দাদা

Grandson - নাতী

Parents – বাবা-মা

Mother-in-law – শাশুড়ী

Sister-in-law – শালিকা

Daughter-in-law – পুত্রবধূ

Baby – শিশু

Friend – বন্ধু

Guest – অতিথি

Servant – চাকর

Adopted son – পালিত পুত্র

Step-brother – সৎ ভাই

Sister – বোন

Aunt – চাচী

Nephew – ভতিজা

Niece – ভতিজি

Daughter – কন্যা

Wife – স্ত্রী

Grandmother – দাদী

Granddaughter – নাতনী

Father-in-law – শশুড়

Brother-in-law – শেলক

Son-in-law – জামাতা

Child – সন্তান

Relative – আত্মীয়-স্বজন

Enemy – শত্রু

Master – প্রভু

Heir – চুল

Step-mother – সৎ মা

Step-sister – সৎ বোন

About Body

Body – শরীর

Head – মাথা

Hair – চুল

Pupil – চোখের তারা

Nose – নাক

Face – মুখমন্ডল

Cheek – গাল, কপোল

Throat – গলা

Neck – ঘাড়

Tongue – চজিভ

Moustache – গোফ

Arm – বাহু

Elbow – কনুই

Finger – হাতের আঙুল

Nail – নখ

Toe – পায়ের আঙুল

Heel – গোড়ালী

Thigh – উরু

Waist – কোমর

Belly – পেট

Stomach – পাকস্থলী

Chest – বুক

Rib – পাজর

Brain – মস্তিষ্ক

Blood – রক্ত

Skin – চামরা

Limb – অঙ্গপ্রত্যঙ্গ

Forehead – কপাল

Eye – চোখ

Ear – কান

Nostril – নাকের ছিদ্র

Mouth – মুখ

Chin – থুতনি

Sholder – কাঁধ

Tooth - দাঁত

Jaw - চোয়াল

Beard - দাড়ি

Hand - হাত

Wrist –কজি

Palm – হাতের তালু

Foot – পায়ের পাতা

Sole – পায়ের পাতা

Knee -হাঁটু

Lap -কোল

Navel –নাভি

Abdomen –তলপেট

Breast - বুক

Back -পিঠ

Heart হৃৎপিণ্ড

Bone অস্থি -

Flesh – মাংস

Thumb – বুড়ো আঙুল

About beasts and birds

Animal - প্রাণী

Cow – গরু

Bullock – বলদ

Sheep –ভেড়া

Cattle – গবাদিপশু

Beast - পশু

Ox ; bull - ষাড়

Goat - ছাগল

Buffalo - মহিষ

Deer -হরিণ

Horse - ঘোড়া

Dog - কুকুর

Camel - উট

Tiger - বাঘ

Leopard – চিতা বাঘ

Bear –ভাল্লুক

Crocodile - কুমীর

Snake - সাপ

Snail - শামুক

Cuckoo কোকির

Ant - পিপড়া

Fly - মাছি
Grasshopper - ফড়িং
Pig – শুকর ছানা
Cub – বাঘের বাচ্চা
Fawn – হরিণ সারক
Trunk – হাতি শঁড়
Fur - লোম
Hump - কুঁজ
Beak, bill -ঠোঁট
Fin – মাছের পাখনা
Har – খরগোস
Fox - খেঁকশিয়াল
Ass – গাধা
Elephant - হাতি
Wolf - নেকড়ে বাঘ
Lion -সিংহ
Zebra - জেব্রা
Tortoise – কচ্ছপ
Frog – ব্যাঙ
Crow -কাক
Dove - ঘুঘু
Mosquito - মশা
Butterfly - প্রজাপতি
Calf - বাছুর
Kid –ছাগল ছানা
Lamb -ভেড়ার ছানা
Tusk – হাতির দাঁত
Horn -শিং
Paw - থাবা
Tail - লেজ
Hood - সাপের ফনা
Wing – পাখির ডানা
About fruit, flower, food etc.
Flower - ফুল
Petal – ফুলের পাপড়ি
Rose - গোলপ
Fruit - ফল
Lemon - লেবু
Apple - আপেল
Grap - আঙুর
Date - খেজুর

munnavai420.weebly.com

Water-melon -তরমুজ

Tree - গাছ

Bush - বোপঝার

Shrub - গুল্ম

Wood -কাঠ

Seed - বীজ

Branch - শাখা

Wheat - গম

Bread – রুটি

Butter - মাখন

Meat - মাংস

Food – খাদ্য

Lunch - দুপুরের খাবার

Supper – রাতের খাবার

Potato –আলু

Brinjal - বেগুন

Cabbage - বাধকপি

Radish – মূলা

Molasses – গুড়

Salt - লবন

Ginger – আদা

Chilly – লঙ্কা

Garland – ফুলের মালা

Bud – ফুলের কুড়ি

Lotus পদ্ম

Mango - আম

Orange – কমলা লেবু

Pine-apple আনারস

ঘাস-grass [গ্রাস-Jones]

উন-forest [ফরিস্ট-Jones]

মোম-wax [ওয়াক্স-Jones]

শিকড়-root [রুট]

ধান-paddy [প্যাডি]

ভাত-rice [রাইস]

পাঁউরুটি-loaf [লোফ]

গো মাংস-beef [বীফ]

ডিম-egg [এগ]

প্রাতরাশ-breakfast [ব্রেইক্‌ফাস্ট]

সন্ধ্যা ভোজন-dinner [ডিনা (র)]

শাকসবজি-vegetables [ভেজিটেবল্‌জ্‌]
 গাজর-carrot [ক্যারট্‌]
 সিম-bean [বীন্‌]
 ফুলকপি-cauliflower [কলিফ্লাওয়া (র)]
 চিনি-sugar [সুগা (র)]
 মধু-honey [হানি]
 মশলা-spice [স্পাইস্‌]
 রসুন-garlic [গালিক্‌]
 পিঁয়াজ-onion [আনিয়ন্‌]

[About building – ঘরবাড়ী সম্বন্ধীয় নাম]

বাড়ি - house [হাউস]	কুটীর - hut, cottage হাট্‌, কটিজ-
কক্ষ - room [রুম]	
জানালা - window [উইনডো]	মেঝে - floor ফ্লো (র)-
দেওয়াল - wall [ওয়াল-Jones]	দরজা - door ডো (র)-
ছাদ - roof [রুফ]	সিঁড়ি - stair case স্টেয়ার (র) কেইস
স্নানের ঘর - bath room [বাথরুম]	থাম - pillar পিলা (র)
বৈঠকখানা - drawing room [ড্রইং রুম]	শোবার ঘর - bed room [বেডরুম]
Living room, par lour.	পড়ার ঘর - reading room [রিডিং
খাবার রুম - dining room [ডাইনিং রুম]	রুম (study) স্টাডি
রান্না ঘর - kitchen [কিচেন]	ঝুলবারান্দা - balcony [ব্যালকনি]
গাড়ি বারান্দা - portico [পোর্টিকো]	দেউড়ি - porch [পচ-Jones]
চৌকাঠ - threshold [থ্রেশহোল্ড]	চিলেকোঠা - garret, turret, attic
বসতবাড়ী - ফবিষষরহম যড়ংব ডুয়েলিং হাউস	[অ্যাটিক]
বাগান - garden [গাডন-Jones]	গুদামঘর - ware house, godown
কারাগার - prison [প্রিজন্‌]	গ্রন্থাগার - library [লাইব্রেরী]
রাজবাড়ি বা প্রাসাদ - palace [প্যালিস-Jones]	কোষাগার - treasury [ট্রেজারি]
সেনানিবাস - cantonment [ক্যান্টনমেন্ট]	ছাত্রাবাস - hostel [হস্টেল-Jones]
মন্দির - temple [টেম্পল্‌]	একতলা - ground floor [গ্রাউণ্ড ফ্লো (র)]
গির্জা - church [চার্চ-Jones]	
দোতলা - first floor [ফার্স্ট ফ্লো (র)]	তিনতলা - second floor [সেকেন্ড ফ্লো (র)]
মসজিদ - mosque [মস্ক]	

[About dress, furniture & arms - পোষাক, আসবাবপত্র এবং অস্ত্রশস্ত্র]

পোষাক - dress [ড্রেস]	সাহেবী টুপি - hat [হ্যাট্‌]
দেশী টুপি - cap [ক্যাপ্‌]	মুসলমানী - fez [ফেজ্‌]
পাগড়ি - turban [টাবন্‌-Jones]	ছড়ি - stick [স্টিক্‌]
বোতাম - button [বট্‌ন্‌-Jones]	জুতা - shoe [শু]
ছাতা - umbrella [আমব্রেলা-Jones]	চশমা - spectacles [স্পেক্টক্‌ল্‌স্‌]

অলঙ্কার - ornament [অন্যাম্যান্ট-Jones]	আসবাবপত্র - furniture [ফানিচা (র)]
মাদুর - mat [ম্যাট]	লেপ - quilt [কুইল্ট]
কম্বল - rug [রাগ]	চাদর - wrapper [র্যাপা (র)]
বালিশ - pillow [পিলো]	গালিচা - carpet [কাপিট-Jones]
বাসন - utensil [ইউটেনসিল]	ফুলদানি - flower vase [ফ্লাওয়া ভাজ্- Jones]
লণ্ঠন - lantern [ল্যান্টান-Jones]	তাক - self [সেল্ফ]
আলমারি - almirah [আলমিরা]	মোমবাতি - candle [ক্যান্ডল]
দোয়াতদানি - ink pot [ইংক পট]	
ঝুড়ি - basket, hamper [বাস্কেট্, হ্যাম্পা (র)]	সাবানদানি - soap case [সোপ কেইস]
ছুড়ি - knife [নাইফ্]	ছুঁচ - needle [নিডল্]
কাঁচি - scissors [সিজজ্-Jones]	ছোরা - dagger [ড্যাগা (র)]
কাস্তে - sickle [সিকল্]	ক্ষুর - razor [রেইজ (র)-Jones]
কোদাল - spade [স্পেইড্-Jones]	হাতুড়ি - hammer [হ্যামা (র)]
লাঙ্গল - plough [প্লাউ]	নিড়ানি - hoe [হোই-Jones]
চামচ - spoon [স্পুন]	মই - ladder [ল্যাডা (র)-Jones]
তালা - key [কী]	দড়ি - string, rope [স্ট্রিং রোপ]
আয়না - mirror [মিরা (র)-Jones]	তীর - arrow [অ্যারো]
চিরুনি - comb [কোম]	বন্দুক - gun [গান্]
অস্ত্রশস্ত্র - arms [আম্জ্-Jones]	তরবারি - sword [সোর্ড-Jones]
ধনুক - bow [বোই-Jones]	নৌবহর - navy [ন্যাভি-Jones]
বল্লম - spear [স্পিয়ার (র)-Jones]	[নেভী-sod]
বিমানবাহিনী - air force [এয়াফস-Jones]	পদাতিক বাহিনী -infantry [ইনফ্যান্ট্রি]
কামান - cannon [কানন]	

[About time & direction- সময় ও দিক]

দিন - day [ডেই-Jones; ডে-COD]	সকাল - morning [মর্নিং-Jones]
দুপুর - noon [নুন]	বিকাল - afternoon [আফটানুন- Jones]
গোধূলি - twilight [টুইলাইট]	
রাত্রি - night [নাইট]	সন্ধ্যা - evening [ইভনিং]
একপক্ষকাল - fortnight [ফটনাইট]	সপ্তাহ - week [উইক]
বছর - year [ইয়ার]	মাস - month [মান্থ]
সূর্যাস্ত - sunset [সানসেট]	সূর্যোদয় - sunrise [সানরাইজ্]
পূর্বদিক - east [ইস্ট]	দক্ষিণপশ্চিম - south-west [সাউথ- ওয়েস্ট]
পশ্চিমদিক - west [ওয়েস্ট]	দক্ষিণপূর্ব - south-east
উত্তরদিক - north [নর্থ-Jones]	উত্তরপূর্ব - north- east [নর্থ- ইস্ট- Jones]
দক্ষিণদিক - south [সাউথ]	
ডানদিক - right [রাইট]	উত্তরপশ্চিম - north-west [নর্থ-ওয়েস্ট]
দিকচক্রবাল - horizon [হরাইজন্]	বামদিক - left [লেফট্]

[About education- শিক্ষা সম্বন্ধীয়]

ছাত্র - student [স্টুডেন্ট-Jones]	শিক্ষক - teacher [টিচার]
পাঠ - lesson [লেসন্]	ভাষা - language [ল্যাংগুইজ-Jones]
বিজ্ঞান - science [সায়েন্স]	সাহিত্য - literature [লিটারেচার]
প্রবন্ধ - essay [এসেই-Jones]	নাটক - drama [ড্রামা]
উপন্যাস - novel [নভেল-Jones]	কবিতা - poem [পোএম]
কবি - poet [পোইট-SOD]	নাট্যকার - dramatist [ড্রামাটিস্ট]
ঔপন্যাসিক - novelist [নভেলিস্ট]	গ্রন্থকার - author [অথার]
লেখক - writer [রাইটা (র)]	সম্পাদক - editor [এডিটর]
পাঠক - reader [রিডা (র)]	দার্শনিক - philosopher [ফিলজফার]
ছুটির দিন - holiday [হলিডেই-Jones]	ছুটি - leave [লীভ]
শাস্তি - punishment [পানিশমেন্ট]	ফলাফল - result [রেজাল্ট]
জ্ঞান - knowledge [নলিজ-Jones]	পুরস্কার - reward [রিওয়ার্ড]
শিক্ষাদান - teaching [টিচিং]	শিক্ষাগ্রহণ - learning [লার্নিং-Jones]

[About occupation- পেশা সম্বন্ধীয়]

কেরানী - clerk [ক্লার্ক-Jones]	ছুতার - carpenter [কার্পেন্টার]
তঁাতী - weaver [উভার]	মুচি - cobbler [কোবলার]
কামার - black-smith [ব্ল্যাক স্মিথ]	স্বর্ণকার - goldsmith [গোল্ডস্মিথ]
কুম্ভকার - potter [পট্টার]	মুটে - porter [পোর্টার]
মুদী - grocer [গ্রসার]	ভিক্ষুক - beggar [বেগার]
কসাই - butcher [বুচার]	দোকানী - shop keeper [শপকিপার]
জেলে - fisherman [ফিশারম্যান-Jones]	ধোপা - washerman [ওয়াশম্যান]
নাপিত - barber [বারবার-Jones]	রাজমিস্ত্রী - mason [মেইসন্-Jones]
মজুর - labour [লেবার]	গোয়াল - milkman [মিল্কম্যান]
পাহারাওয়ালা - watchman [ওয়াচম্যান]	দারওয়ান - gatekeeper [গেইটকীপার]
মাঝি - boatman [বোটম্যান]	দপ্তরী - book-binder [বুক বাইণ্ডার]
কারিগর - artisan [আর্টিজান]	অভিনেতা - actor [অ্যাকটর]
চিত্রকর - painter [পেইন্টার]	ভাস্কর - sculptor [স্কাপ্লটার]
নৃত্যশিল্পী - dancer ড্যান্সার	খেলোয়াড় - player [প্লেইয়ার-Jones]
ইঞ্জিনিয়ার - engineer [এনজিনীয়ার]	শিকারী - hunter [হান্টার]
উকিল - lawyer [লইয়ার]	মক্কেল - client [ক্লাইন্ট]
চিকিৎসক - Physician, doctor [ডক্টার]	ব্যবসায়ী - businessman [বিজনেস ম্যান-Jones]
ঔষধ বিক্রেতা - druggist [ড্রাগিস্ট]	

[About king, Queen etc. রাজা, রাণী ইত্যাদি]

রাজা - king [কিং]	রানী - queen [কুইন]
সিংহাসন - throne [থ্রোন]	স্বর্গ - heaven [হেভন্]
ভূত - apirit, ghost [স্পিরিট, গোস্ট-Jones]	নরক - heel [হেল]
দেবদূত - angel [এইন্জল-Jones]	ধর্ম - religion [রিলিজন্]

[About natural object- প্রাকৃতিক বিষয় সম্বন্ধীয়]

পুকুর - pond [পন্ড]	জলাশয় - tank [ট্যাংক]
হ্রদ - lake [লেইক-Jones]	নদী - river [রিভা (র)]
ছোটনদী - stream, brook [স্ট্রীম, ব্রুক]	জলপ্রপাত - waterfall [ওঅটাফল]
সাগর - sea [সী]	উপসাগর - bay [বেই-Jones]
মহাসাগর - ocean [ওউসনা-Jones]	স্রোত - current [কারন্ট-Jones]
জোয়ার - flow tide [ফ্লো টাইড]	ভাঁটা - ebb tide [এব্‌টাইড]
ঢেউ - wave [ওয়েইভ-Jones]	ছোট ঢেউ - ripple [রিপ্ল]
উপকূল - coast [কোউস্ট-Jones]	দ্বীপ - island [আইল্যান্ড]
সমুদ্রতীর - sea-shore [সী শো (র)]	পাহাড় - hill [হিল]
পর্বত - mountain [মাউনটেইন]	উপত্যকা - valley [ভ্যালি]
আগ্নেয়গিরি - volcano [ভলকেইনো]	গুহা - cave [কেইভ-Jones]
বন - forest, jungle [ফরিস্ট, জাংগল]	মরুভূমি - desert [ডেজাট]
মরুদ্যান - oasis [ওয়েসিস]	আকাশ - sky [স্কাই]
নক্ষত্র - star [স্টা (র)]	সূর্য - sun [সান]
চন্দ্র - moon [মুন]	রামধনু - rainbow [রেইনবো-Jones]
মেঘ - cloud [ক্লাউড]	বৃষ্টি - rain [রেইন-Jones]
বাতাস - air [এয়া (র)]	আবহাওয়া - wind [উইণ্ড]
জলবায়ু - climate [ক্লাইমেট]	প্রচণ্ড ঝড় - cyclone [সাইক্লোন]
ঝড় - storm স্টম-ঔড়হবং	শিলা - hall [হেইল]
বজ্র - thunder [থান্ডা (র)]	শিশির - dew [ডিউ]
শিলাবৃষ্টি - hailstorm [হেইলস্টম-Jones]	বরফ - ice [আইস]
তুষার - snow [স্নোউ-Jones]	কুয়াশা - fog [ফগ]
বাষ্প - vapour [ভেপা (র)]	মাটি - soil [সইল-Jones]
ধূলা - dust [ডাস্ট]	গ্রহ - planet [প্ল্যানিট-Jones]
ভূমিকম্প - earthquake [আথকোয়েইক]	দ্রাঘিমাংশ - longitude [লঙ্গিচুড-Jones]
অক্ষাংশ - latitude [ল্যাটিচুড-Jones]	কয়লা - coal
খনি - mine [মাইন]	তামা - copper [কপার]
লৌহ - iron [আয়র্ন]	সোনা gold [গোল্ড]
রূপা - silver [সিলভার]	চুন - lime [লাইম]
অভ্র - mica [মাইক]	জল - water [ওয়াটার-Jones]
ধাতু - metal [মেটাল]	

[About trade and commerce- ব্যবসাবাণিজ্য]

ব্যবসায় - trade [ট্রেইড-Jones]	বাণিজ্য - commerce [কমার্স]
বাজার - market [মার্কেট-Jones]	নমুনা - sample [স্যাম্পল]
রপ্তানি - export [এক্সপোর্ট]	আমদানি - import [ইমপোর্ট]
বিক্রয় - sale [সেইল-Jones]	ক্রয় - purchase [পার্চেস-Jones]
আয় - income [ইনকাম]	ব্যয় - expense [এক্সপেন্স]
ধার - credit [ক্রেডিট]	বাকী - due, balance [ডিউ, ব্যালেন্স]
হিসাব - account [অ্যাকাউন্ট]	জমাখরচ - debit-credit [ডেবিট-ক্রেডিট]
বিনিময় - exchange [এক্সচেঞ্জ]	লাভ - profit [প্রফিট]
লোকসান - loss [লস]	দায় - liability [লায়েবিলিটি]
সুদ - interest [ইন্টারেস্ট]	আসল - principal [প্রিন্সিপ্যাল]
চালান - invoice [ইনভয়িস]	মূলধন - capital [ক্যাপিটল]
চুক্তি - contract, agreement [এগ্রিমেন্ট]	মজুরি - wages [ওয়েইজ]
বেতন - salary, pay [স্যালারি, পেই-Jones]	মালপত্র - goods [গুড্‌স]
ক্রেতা - customer [কাস্টমা (র)]	দাম - price [প্রাইস]
ন্যায্য মূল্য - fair price [ফেয়ার প্রাইস-Jones]	বিক্রয়মূল্য - sale price [সেইল প্রাইস]
সম্পত্তি - asset [অ্যাসেট]	পণ্যদ্রব্য - commodity [কমোডিটি]
দামী - dear, costly [ডীয়া (র), কস্টলি]	
সস্তা - cheap [চিপ]	

[About conveyance- যানবাহন]

যানবাহন - conveyance [কনভেএন্স]	গোরুগাড়ী - cart [কার্ট-Jones]
ঘোড়ার গাড়ী - coach [কোচ]	রেলগাড়ী - train [ট্রেইন-Jones]
মালগাড়ী - goods train [গুড্‌স ট্রেইন]	ট্রামগাড়ী - tram [ট্রাম]
জাহাজ - ship [শিপ]	খেয়ানৌকা - ferry boat [ফেরি বোট]
মহাকাশযান - space ship [স্পেসশিপ]	উড়োজাহাজ - aeroplane [এরোপ্লেন]

[About diseases- রোগ সম্বন্ধীয়]

রোগ - disease [ডিজিজ]	অসুস্থতা - illness [ইলনেস]
কাশি - cough [কাফ]	ক্ষয়কাশ - phthisis [থাইসিস]
যক্ষ্মা - tuberculosis [টিউবাকুলোসিস]	হাঁপানি - asthma [এ্যাজমা]
উদরাময় - diarrhea [ডায়েরিয়া]	ওলাওঠা - পযড়ষবৎধ কলেরা
হাম - measles [মিজ্‌ল্‌স]	বসন্ত - pox [পক্স]
জলবসন্ত - chicken-pox [চিকেন পক্স]	কুষ্ঠ - leprosy [লেপ্রসি]
সর্দিগরমি - sunstroke [সানস্ট্রোক]	মাথাধরা - headache [হেড্‌এক্‌]
অগ্নিমান্দ্র - dyspepsia [ডিস্‌পেপ্সিয়া]	জ্বর - fever [ফিভার]
আমাশয় - dysentery [ডিসেন্ট্রি]	পক্ষাঘাত - paralysis [প্যারালিসিস]

নিদ্রাহীনতা - insomnia [ইন্সোমনিয়া]
 মস্তিষ্কবিকৃতি - insanity [ইনস্যানিটি]
 বমিবমিভাব - nausea [নসিয়া]
 ছানি - cataract [ক্যাটারাক্ট]
 মহামারী - epidemic [এপিডেমিক]
 পথ্য - diet [ডায়েট]
 টিকা - inoculation [ইনোকুলেশন্]
 মলম - ointment [অইন্টমেন্ট]

বহুমুত্র - diabetes [ডায়েবিটিস]
 প্রলাপ - delirium [ডিলিরিয়াম]
 রক্তস্ফলতা - anaemia [এ্যানিমিয়া]
 মৃগীরোগ - epilepsy [এপিলেপ্সি]
 টাইফয়েড - typhoid [টাইফয়েড]
 ঔষধ - medicine [মেডিসিন]
 চিকিৎসা - treatment [ট্রিটমেন্ট]
 জোলপা - purgative [পাগেটিভ-Jones]

[About feelings & qualities- অনুভূতি ও গুণসম্বন্ধীয়]

স্নেহ - affection [অ্যাফেকশান]
 সাহস - courage [কারিজ-Jones]
 নিষ্ঠুরতা - cruelty [ক্রুয়েল্টি]
 দান - charity [চারিটি]
 পরিচ্ছন্নতা - cleanliness [ক্লিনলিনেস]
 সততা - honesty [অনেস্টি]
 শালীনতা - decency [ডিসেন্সি]
 বন্ধুত্ব - friendship [ফ্রেন্ডশিপ]
 ভুল - error [এরার-Jones]
 দুঃখ - sorrow [সরো]
 গুণ - quality [কোয়ালিটি]
 বিদ্বেষ - malice [ম্যালিস]
 দান - gift [গিফট]
 আড়ম্বর - grandeur [গ্র্যান্ডার-Jones]
 পবিত্রতা - holiness [হোলিনেস]
 স্বাস্থ্য - health [হেল্থ]
 ন্যায়পরায়ণতা - justice [জাস্টিস্]
 জ্ঞান - knowledge [নলিজ, নলেজ]
 ঘৃণা - atred [হেট্রেড]
 স্বাধীনতা - liberty, freedom [লিবার্টি, ফ্রিডাম]
 উচ্চহাস্য - laughter [লাফটার]
 নীচতা - meanness [মিন্‌নেস্]
 দারিদ্র - poverty [পোভার্টি]
 শ্রদ্ধা - respect [রেসপেক্ট]
 প্রতিহিংসা - revenge [রিভেঞ্জ]
 সহানুভূতি - sympathy [সিমপ্যাথি]
 কুশ্রিতা - ugliness [অ্যাগ্লিনেস]

ক্রোধ - anger [অ্যাঙ্গার]
 সাহসিকতা - bravery [ব্রেভারি]
 কাপুরুষতা - cowardice [কাওয়ার্ডিস]
 ভদ্রতা - courtsey [কোর্টসি]
 আরাম - comfort [কমফোর্ট]
 অসাধুতা - dishonesty [ডিজঅনেস্টি]
 শত্রুতা - enmity [এনমিটি]
 ভয় - fear [ফিয়ার]
 আনন্দ - joy [জয়]
 লজ্জা - shyness [শাইনেস]
 হিংসা - envy [এনভি]
 দুর্বলতা - weakness [উইকনেস]
 গৌরব - glory [গ্লোরি]
 ক্ষুধা - hunger [হাঙ্গার]
 কষ্ট - hardship [হার্ডশিপ]
 অপমান - insult [ইনসাল্ট]
 দয়া - kindness [কাইঞ্জনেস]
 ভালোবাসা - love [লাভ]
 উদারতা - liberality [লিবারেলিটি]
 শ্রম - labour [লেবার]
 পবিত্রতা - purity [পিউরিটি]
 ভক্তি - regard [রিগার্ড-Jones]
 রুচতু - rudeness [রুডনেস]
 উপশম - relief [রিলিফ]
 ভীর্ণতা - timidity [টিমিডিটি]
 মিথ্যাগর্ব - vanity [ভ্যানিটি]
 করুণা - pity [পিটি]

PRONOUN

Noun এর পরিবর্তে যে word বসে, তাকে **Pronoun** বলে ।

These are useful Pronouns. Remember them.

আমি - I	আমরা - We
আমাকে - me	আমাদিগকে - us
আমার - my	আমাদের - our
তুমি, তোমরা - you	আপনি, আপনারা - you
তোমার, তোমাদের - your	আপনার, আপনারদের - your
তোমাকে, তোমাদিগকে - you	আপনাকে, আপনাদিগকে - you
তুই, তোরা - you	তোকে, তোদিগকে - you
তোর, তোদের - your	তাদের - their
সে (পং) - he	সে (স্ত্রী) - she
তাকে (পং) - him	তাকে (স্ত্রী) - her
তিনি (পং) - he	তিনি (স্ত্রী) - she
তারা - they	তঁারা - they
তঁাকে (পং) - him	তঁাকে (স্ত্রী) - her
তঁাদিগকে - them	তঁাদের - their
তঁার (পং) - his	তঁার (স্ত্রী) - her
যে, যারা - who	যিনি, যাঁরা - who
যার, যাদের - whose	যাকে, যাদিগকে whom

ADJECTIVE

যে **Word** এর দ্বারা **Noun** বা **Pronoun** এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বোঝায় তাকে **Adjective** বলে ।

These are some common Adjective. Remember them.

ভালো - good গুড	মন্দ - bad ব্যাড
গরম - hot হট	ঠাণ্ডা - cold কোল্ড
ছোট - small স্মল	বড় - large লার্জ নয়, লার্জ-Jones
লম্বা - long লঙ	খাটো - short শর্ট
চওড়া - broad ব্রড	সরু - narrow ন্যারো
নরম, কোমল - soft সফ্ট	শক্ত - hard হাড

নূতন - new ন্যু
 বাঁকা - curved কাভ্ড
 রোগা - lean লিন
 পাতলা - thin থিন
 বেঁটে - short, dwarf শট, ডোরাফ
 ভিজ়ে - wet ওয়েট
 গভীর - deep ডীপ
 পূর্ণ - full ফুল
 পাকা - ripe রাইপ
 মিষ্টি - sweet সুইট
 তেতো - bitter বিটার
 সুস্বাদু - tasteful টেইস্টফুল
 টাটকা - fresh ফ্রেশ
 পচা - rotten রটন
 ভাজা - fried ফ্রায়েড
 পরিষ্কার - clean ক্লীন
 সুন্দর - nice নাইস্
 দরিদ্র - poor পুওর
 জড়বুদ্ধিগ্রস্থ - idiotic ইডিওটিক
 ভদ্র - gentle জেন্টল্
 দয়ালু - kind কাইণ্ড
 সুখী - happy হ্যাপি
 বৃদ্ধ - old ওল্ড
 সাহসী - brave ব্রেইভ
 কর্মঠ - active অ্যাক্টিভ
 পরিশ্রমী - diligent ডিলিজেন্ট
 নির্বোধ - foolish ফুলিশ
 বিনয়ী - modest মডেস্ট
 নির্দোষ - innocent ইনোসেন্ট
 দুষ্ট - naughty নাটি
 অবাধ্য - disobedient ডিসওবিডিয়েন্ট
 মিথ্যা - fales ফলস
 মিথ্যাবাদী - liar লায়ার
 অসৎ - dishonest ডিজঅনেষ্ট
 স্বাস্থ্যবান - healthy হেলদি
 দুর্বল - weak উইক
 খোঁড়া - lame লেইম
 কালা - deaf ডীফ

পুরাতন - old ওল্ড
 সোজা - straight স্ট্রেইট
 মোটা - fat ফ্যাট
 পুরু - thick থিক
 উপরের দিকে লম্বা - tall লম্বা
 শুষ্ক - dry ড্রাই
 সঁয়াতসঁতে - moist মইষ্ট, ফধসঢ়
 অগভীর - shallow স্যালো
 খালি - empty এম্টি
 কাঁচা - green গ্রীন
 টক - sour সাওয়ার
 নোনতা - salted সলটিড্
 বিস্বাদ - tasteless টেইস্টলেস
 বাসি - stale স্টেইল
 সিদ্ধ - boiled বয়িলড্
 ময়লা, নোংরা - dirty ডাটি
 কুৎসিত - ugly আগুলি
 ধনী - rich রিচ
 জ্ঞানী - wise ওয়াইজ
 চালাক - clever ক্লেভার
 অভদ্র - rude রুড
 নিষ্ঠুর - cruel ক্রুয়েল
 অসুখী - unhappy আনহ্যাপি
 যুবক - young ইয়ং
 ভীরু - timid
 অলস - idle আইডল lazy লেজি
 বুদ্ধিমান - intelligent ইনটেলিজেন্ট
 মহৎ - noble নোবেল
 অহঙ্কার - proud প্রাউড
 বদমাইস - wicked উইকেড
 বাধ্য - obedient ওবিডিয়েন্ট
 সত্য - true ট্রু
 সত্যবাদী - truthful ট্রুথফুল
 সৎ - honest অনেষ্ট
 বিশ্বাস - faithful ফেইথফুল
 রুগ্ন - sickly সিকলি
 পীড়িত - ill ইল
 অন্ধ - blind ব্লাইণ্ড

পাগল - mad ম্যাড	বোবা - dumb ডাম
যোগ্য - worthy ওয়াডি-Jones	সম্পদশালী - wealthy ওয়েলদি
সতর্ক - careful কেয়ারর ফুল	ব্যস্ত - busy বিজি
লোভী - greedy গ্রীডি	আশাহীন - hopeless হোপলেস
ক্ষুধার্ত - hungry হাংরি	অসতর্ক - careless কেয়ারলেস
পবিত্র - holy হোলি	ক্রুদ্ধ - angry অ্যাংরি
ভেজাল - impure ইমপিওর	তৃষ্ণার্ত - thirsty থাষ্টি
বন্য - wild ওয়াল্ড	খাঁটি - pure পিওর
মিহি - fine ফাইন	পোষা - tame টেইম
হালকা - light লাইট	মোটা - coarse কোস্
ভেঁতা - blunt ব্লান্ট	ভারী - heavy হেভি
সস্তা - cheap চীপ	ধারালো - sharp শাপ
অপকারী - harmful হামফুল	দামী - valuable ভ্যালুয়েবল
নিরক্ষর - illiterate ইলিটারেট	উপকারী - useful ইউজফুল
লাল - red রেড	স্বাক্ষর - literate লিটারেট
সাদা - white হোয়াইট	কালো - black ব্ল্যাক
সবুজ - green গ্রীন	রঙীন - coloured কালান্ড
বেগুনী - violet ভায়োলেট	নীল - blue ব্লু
টকটকে লাল - crimson ক্রিমসন	হলুদ - yellow ইয়োলো
বাদামী - brown ব্রাউন	গোলাপী -pink, rosy রোজি
বিবর্ণ - pale, fade ফেইড	ধূসর - grey গ্রেই
উজ্জ্বল - bright ব্রাইট	সুন্দর - beautiful বিউটিফুল

VERBS

যে **Word** এর দ্বারা কিছু করা, হওয়া বা থাকা বোঝায় তাকে **Verb**

These are some common Verbs. Remember them.

জিজ্ঞাসা করা - ask আস্ক	উত্তর করা - answer অ্যানসা (র)
রাজী হওয়া - agree এগ্রি	উপদেশ দেওয়া - advise অ্যাডভাইস
ব্যবস্থা করা - arrange অ্যারেঞ্জ	গ্রেফতার করা - arrest অ্যারেস্ট
পৌঁছানো - arrive অ্যারাইভ	যোগ করা - add অ্যাড
উপস্থিত হওয়া - appear অ্যাপিয়ার	অনুমতি দেওয়া - allow অ্যালাউ
কেনা - buy বাই	আনা - bring ব্রিং
মারা - beat বীট	কামড়ান - bite বাইট
ভাঙ্গা - break ব্রেইক	পোড়া - burn বার্ন নয় বান-Jones

গঠন করা - build বিল্ড
 বহন করা - bear বিয়া (র)
 শ্বাস নেওয়া - breathe ব্রেইদ
 আরম্ভ করা - begin বিগিন
 যত্ন নেওয়া - care কেয়া (র)
 রান্না করা - cook কুক
 ডাকা - call কল্
 কাঁদা - cry ক্রাই
 বন্ধ করা - close ক্লোজ
 করা - do ডু
 সাহস করা - dare ডেয়ার
 বরে পড়া - drop ড্রপ
 চালানো, তাড়ানো - drive ড্রাইভ
 উপভোগ করা - enjoy এনজয়
 যুদ্ধ করা - fight ফাইট
 পতিত হওয়া - fall ফল
 পরিত্যাগ করা - forsake ফরসেক
 বর্ধিত হওয়া বা জন্মানো - grow গ্রো
 সাহায্য করা - help হেল্প
 বুলন্ত, ফাঁসি হওয়া - hang হ্যাং
 রক্ষা করা - keep কীপ
 হাঁটু গেড়ে বসা - kneel নীল
 ধার দেওয়া - lend লেণ্ড
 হাসা - laugh লাফ
 তাকানো - look লুক
 নড়াচড়া করা - move মুভ
 মান্য করা - obey ওবেই
 উত্তীর্ণ হওয়া - pass পাস
 রাখা - put পুট
 দৌড়ান - run রান
 তিরস্কার করা - rebuke রিবিউক
 দেখা - see সী
 থাকা - stay স্টেই
 বলা - say সেই

ধার করা - borrow বরো
 স্নান করা - bathe বেইদ-Jones
 ভিক্ষা করা - beg বেগ
 আশীর্বাদ করা - bless ব্লেস
 ধরা - catch ক্যাচ
 পছন্দ করা - choose চুজ
 আসা - come কাম
 পরিবর্তন করা - change চেইঞ্জ
 তুলনা করা - compare কমপেয়ারর
 নাচা - dance ড্যানস
 আঁকা - draw ড্র
 বাস করা - dwell ডুয়েল
 শেষ হওয়া - end এন্ড
